

## The Mary Rose - মেরী রোজ King Henry VIII's Great Warship

### ভূমিকা

১৫০৯ সালে অষ্টম কিং হেনরী নৌ বাহিনীর উদ্দেশ্যে নতুন যুদ্ধ জাহাজ নির্মাণ করেছিলেন। এর মধ্যে একটা ছিল মেরী রোজ। এই জাহাজটি পোর্টসমাউথের ডক ইয়ার্ডে নির্মিত হয়েছিল, যেখানে জাহাজটির স্মৃতিচিহ্ন আজ ও বর্তমান।



### কেন তার নাম মেরী রোজ রাখা হয়েছিল?

অনেকে বিশ্বাস করেন হেনরীর প্রিয় জাহাজ মেরী রোজ, হেনরীর বোন মেরীর নামে (ছবি) রাখা হয়েছিল এবং টিউডর রোজ, হেনরীর পরিবারের প্রতিক, অনেকে আবার বিশ্বাস করেন টিউডর যুগের লোকেরা খুব ধার্মিক ছিলেন এবং মেরী রোজ খুব সম্ভবত কুমারী মেরীর নামে রাখা হয়েছিল।

### কবে মেরী রোজ ডুবেছিল?

- ১৫৪৫ সনের ১৯শে জুলাই মেরী রোজ পাল
- তুলে পোর্টসমাউথ থেকে ইংরেজ নৌবাহিনী ফ্রান্সের
- নৌবাহিনীর সঙ্গে যুক্ত হয়েছিল যুদ্ধের সময়কালীন
- মেরী রোজ সলেন্টে ডুবে গিয়েছিল। জ্ঞানীব্যক্তির
- বলেন অষ্টম হেনরীর প্রিয় জাহাজটি ডোবার সময়
- সাউথসি ক্যাসল থেকে দেখেছিলেন।

### মেরী রোজ কতটুকু গুরুত্বপূর্ণ ছিল?

মেরী রোজ ইংরেজ নৌবাহিনীর জন্য খুবই গুরুত্বপূর্ণ ছিল। এই জাহাজটি খুবই মজবুত ও দ্রুত ছিল। এই জাহাজটি ৩৪ বৎসর নৌবাহিনীতে ছিল এবং হেনরী ফ্রান্সের সঙ্গে তিনবার যুদ্ধে অংশ গ্রহণ করে ছিল।

### মেরী রোজ কেন ডুবেছিল?

১৯৪৫ সালে কেন মেরী রোজ ডুবেছিল এর অনেক মত গঠন বা ধারণা করা হয়েছে।

- মেরী রোজ কে অত্যধিক সৈনিক এবং ভারী বন্দুক দিয়ে বোঝাই করা হয়েছিল।
- জাহাজের নাবিকদল অবাধ্য এবং অফিসাররা অযোগ্য ছিল।
- বিভিন্ন অংশ জাহাজের ভেতরে বন্দুক রাখার পথ দিয়ে বেশী পানি ডুকে গিয়েছিল।
- ফ্রান্সের কামান দাগায় জাহাজটি ডুবে যায়।
- প্রচন্ড বাতাস জাহাজকে ডুবিয়ে দিয়েছে।

আমরা কখনও নিশ্চিতভাবে জানতে পারব না মেরী রোজ কেন ডুবেছিল।

আপনাদের মতামত কি?

## কিভাবে মেরী রোজকে আবিষ্কার করা হয়েছিল ?

যুদ্ধ শেষ হওয়ার সাথে সাথে মেরী রোজকে রক্ষা করার জন্য পদক্ষেপ নেওয়া হয়েছিল কিন্তু তাকে রক্ষা করা যায়নি।


প্রায় তিন শত বছর মেরী রোজ পোর্টসমাউথ উপকূলের নিকটে সলেন্ট নামক জায়গায় খুবই গভীর পানির নিচে শায়িত ছিল। উনিশ শতকের দিকে ডুবুরিরা জাহাজটির কিছু অংশ আবিষ্কার করেন এবং এর কিছু নমুনা যেমন বন্দুক উদ্ধার করতে সমর্থ হন।

১৯৬০ সালের ডুবুরিরা সাউথসি ক্যাসলের পানির নিচে বাকি ভগ্নাংশের সন্ধান পান। তারা পুনরায় মেরী রোজ কে আবিষ্কার করেন। খুবই সতর্কতা ও দীর্ঘ সময়ের সাথে আরকিলোজিস্ট ও ডুবুরিরা ২৫০০০ নমুনা সংগ্রহ করেন। অবশেষে ১৯৮২ সালে সারা বিশ্বের জন গন মেরী রোজের পানি থেকে উওলোনের এবং পুনরায় পোর্টসমাউথের ডকইয়ার্ডে নিয়ে আসার দৃশ্য টেলিভিশনের মাধ্যমে পর্যবেক্ষণ করেন।



## আর কি কি জিনিস পাওয়া গিয়েছে?

বিসন্য চল্লিশ বছর ধরে জাহাজের যন্ত্র সামগ্রীর সাথে সাথে মাচিকদের ব্যক্তিগত ব্যবাহিত জিনিস পত্র পাওয়া যাচ্ছিল। রূপার বন্দুক এবং কাঠ মিস্ত্রির সরঞ্জাম এর সাথে সাথে খাদ্য সামগ্রী পাওয়া গিয়েছিল।



Compass



Bell

কাঠের তৈরি পান পাএ, স্বর্ণ মুদ্রা, বাদ্য যন্ত্র, এর সাথে সাথে কর্মকর্তা ও পুরুষের পরিধানের কাপড় ও জুতা।



Tankard



Shoes

## কি বাকি আছে ?

যেহেতু মেরী রোজ অনেক বছর পানির নিচে ছিল তাই তার যাএ অর্ধাংশ অক্ষত ছিল। অর্থাৎ আমরা এর ভিতরের অংশটুকু দেখতে পাই। বাকি অর্ধাংশ পর্যায়ক্রমে জোয়ার ভাটায় ক্ষয়ে গেছে অথবা বিভিন্ন সামুদ্রিক প্রাণি এবং ব্যাকটেরিয়ার খেয়ে ফেলায় ধ্বংস হয়ে গেছে।

## বর্তমানে কোন অবস্থায় আছে ?

জাহাজটি ও তার ধ্বংসাবশেষ রক্ষনাবেক্ষনের কাজ বর্তমানে বিদ্যমান রয়েছে। জাহাজটিকে মোম ও পানির মিশ্রন (পলিথিলিন গ্লাইকোল) দ্বারা প্রলেপ দিয়ে রাখা হয়েছে যাহাতে ভবিষ্যতে জাহাজটি আর ক্ষুন্ন না হয়। আপনি হয়ত জাহাজটি পরিদর্শনের সময় জাহাজটির কিছু প্রকৃত নমুনা ছুয়েঁ দেখতে পারবেন এবং আপনি যদি আমাদের সেচ্ছা সেবকের সাথে দেখা করেন তাহলে জাহাজ সম্পর্কিত আপনার সকল প্রশ্নের উত্তর পাবেন এবং জাহাজটি এবং এর নাবিকদের সম্পর্কে অনেক কিছু জানতে পারবেন।

আমরা আশা করি কিং হেনরি ৮ম এর প্রিয় জাহাজ “দি মেরী রোজ” পরিদর্শনে আপনি আনন্দ উপভোগ করবেন।

আমাদের ওয়েব পরিদর্শন করুন: [WWW.maryrose.org](http://WWW.maryrose.org)